দৈনিক খবর
তারিখ ... 17 NOV 1990 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

67

# 'সম্মিলিত শিক্ষক আন্দোলন'

## তেরটি সংগঠনের মোর্চা

।। স্টাফ রিপোর্টার ।।

শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ '৯০ বাতিল ও দেশের চলমান গণতান্ত্রিক আন্দোলনকে সফল করার লক্ষ্যে ১৩টি শিক্ষক সংগঠনের প্রতিনিধি নিয়ে 'সম্মিলিত শিক্ষক আন্দোলন' নামে একটি মোর্চা গঠিত হয়েছে এবং এ মোর্চা আগামী ২৮শে নভেম্বর দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে পূর্ণদিবস কর্মবিরতি পালন ও কালোব্যাজ ধারণের কর্মসূচী দিয়েছে।

শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (শান্তি-শৃংখলা) অধ্যাদেশ বাতিল, সর্বদলীয় ছাত্র ঐক্য এবং দেশের চলমান গণতান্ত্রিক আন্দোলনের সাথে একাত্মতা ঘোষণা ও শিক্ষকদের পেশাগত মর্যাদা রক্ষার লক্ষ্যে গত ১৫ই নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে সর্বস্তরের শিক্ষক সংগঠনের

২-এর পাতায় দেখুন

## 'সম্মিলিত শিক্ষক আন্দোলন'

প্রথম পৃষ্ঠার পর

একটি যৌথ সভা অধ্যাপক ইয়াজউদ্দীন আহম্মেদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় শিক্ষা সংক্রান্ত অধ্যাদেশ ১৯৯০ বাতিল এবং দেশের চলমান গণতান্ত্রিক আন্দোলন সাফল্যমন্ডিত করার লক্ষ্যে বিভিন্ন স্তরের শিক্ষক সংগঠনের প্রতিনিধিগণ 'সম্মিলিত শিক্ষক আন্দোলন' নামে একটি মোর্চা গঠন করে অধ্যাপক ইয়াজউদ্দীন আহম্মেদকে এর আহবায়ক মনোনীত করা হয়। সমমনা অন্যান্য শিক্ষক সংগঠনকে 'সম্মিলিত শিক্ষক আন্দোলন'-এ যোগদান করার উদাত্ত আহবান জানান হয়।

১৩টি শিক্ষক সংগঠনের প্রতিনিধিদের নিয়ে গঠিত স্টিয়ারিং কমিটিতে আহবায়ক ছাড়াও রয়েছেন মোঃ নূরুল আমিন বেপারী, সদস্য (ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি), অধ্যাপক ম আখতারুজ্জামান, সদস্য (সভাপতি, বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি), অধ্যাপিকা এ এন রাশেদা, সদস্যা (যুগ্ম-সম্পাদক, বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি), মোঃ বদরুউদ্দীন হাওলাদার, সদস্য (সভাপতি, বাংলাদেশ সহকারী শিক্ষক সমিতি), নজরুল ইসলাম, সদস্য (মহাসচিব, বাংলাদেশ শিক্ষক সমিতি), অধ্যাপক এম, শরিফুল ইসলাম, সদস্য (মহাসম্পাদক, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি), ডঃ মোঃ শহীদুল্লাহ তালুকদার, সদস্য (সম্পাদক, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষক পরিষদ), ডঃ আলাউদ্দিন আহমদ, সদস্য (সম্পাদক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি), এম এ জলিল, সদস্য (মহাসচিব, জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশন), ফজলুর রহমান, সদস্য (সভাপতি, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি), মোঃ খলিলুর রহমান, সদস্য (যুগ্ম-সম্পাদক, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি), অধ্যাপক আবুল কাসেম, সদস্য (অতিরিক্ত মহাসচিব, জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশন)।

সভায় প্রশাসনিক আদেশ ও চাপের মাধ্যমে "মহল" বিশেষ কর্তৃক শিক্ষকদের বাধ্যতামূলকভাবে বিভিন্ন সভায় যোগদানের প্রচেষ্টার তীব্র প্রতিবাদ করা হয় এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সকল কর্মসূচীর প্রতি একাত্মতা ঘোষণা করা হয়।